64

দৈনিক ইনকিলাব

তারিখ ... 25 MAR 1990
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 6 ...

28/

সাক্ষাৎকারে নয়া ভিসি মনিরুজ্জামান মিঞা

# ৭ দিনের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার উদ্যোগ নেয়া হচ্ছে

## শিক্ষা ও সন্ত্রাস একত্রে চলতে পারে না

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয় সাত দিনের মধ্যে খুলে দেয়ার উদ্যোগ নেয়া হচ্ছে এবং রমজানের মধ্যেও ক্লাস চালিয়ে নেয়ার চেষ্টা করা হবে।

গতকাল বিকেলে নয়া ভিসি প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামান মিঞা তাঁর কার্যালয়ে এক সাক্ষাৎকারে একথা বলেন। উল্লেখ্য, ভিসি প্রফেসর আব্দুল

(১১ পৃষ্ঠায় দেখুন)

## ভিসির সাক্ষাৎ

প্রথম পৃষ্ঠার পর

মান্নানের পদত্যাগের পর গতকাল সকালে তিনি নয়া ভিসি হিসেবে দায়িত্ব বুঝে নিয়েছেন।

প্রফেসর মনিরুজ্জামান মিঞা বলেন, বড় দুঃসময়ে আমি দায়িত্ব গ্রহণ করেছি এবং আমি এটাকে চ্যালেঞ্জ হিসেবে নিয়েছি। তিনি আরো বলেন, বিশ্ববিদ্যালয়ে শিক্ষা এবং সন্ত্রাস এক সাথে থাকতে পারে না। তবে অস্ত্র বা সন্ত্রাস রোধ করার কোন মেকানিজম বিশ্ববিদ্যালয়ের নেই। তাই সকলকে এ ব্যাপারে এগিয়ে আসতে হবে। তিনি জানান, নিয়োগ প্রাপ্তির পর গতকাল বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর প্রেসিডেন্ট এরশাদের সাথে তিনি সাক্ষাৎ করেছেন এবং চ্যান্সেলর এ ব্যাপারে পূর্ণ সহযোগিতার আশ্বাস দিয়েছেন।

নয়া ভিসি প্রফেসর মনিরুজ্জামান আরো জানান, বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক পরিস্থিতির ব্যাপারে তিনি ছাত্র সংগঠনগুলোসহ বিভিন্ন পর্যায়ে আলোচনা শুরু করেছেন। তিনি বলেন, প্রশাসন ও ছাত্র সংগঠনগুলোর প্রতি সম্পূর্ণ নিরপেক্ষ থেকে আমি দায়িত্ব পালন করে যাবো।

ডঃ মনিরুজ্জামান বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সমস্যার মধ্যে অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়া, সিনেট কার্যকর করা ও প্রশাসনকে ঢেলে সাজানোর প্রতি এ মুহূর্তে গুরুত্ব দেবেন বলে জানান।

### নয়া ভিসির আবেদন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নতুন ভিসি প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামান মিঞা গতকাল এক বিবৃতিতে বিশ্ববিদ্যালয়কে সঙ্কটমুক্ত করতে সহযোগিতার জন্য সকলের প্রতি আবেদন জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, এক সময়ে প্রাচ্যের অক্সফোর্ড নামে পরিচিত এই মহান প্রতিষ্ঠানটি বর্তমানে এমন এক সংকটে পতিত যেখান থেকে তাকে উদ্ধার করা কঠিন। এখানে সন্ত্রাস, সেশন জট, আবাসিক সংকট, পরিবহন সংকটসহ অসংখ্য সমস্যা বিরাজ করছে। এ মুহূর্তে যৌক্তিক পরিকল্পনা ও দক্ষ ব্যবস্থাপনার মাধ্যমে প্রতিষ্ঠানটি পুনর্বার তার হৃত গৌরব ফিরে পেতে পারে। কিন্তু সবকিছুর পূর্বশর্ত হচ্ছে এর স্বাভাবিক কার্যক্রম সচল ও অব্যাহত রাখা এবং তারও পূর্বশর্ত হচ্ছে সন্ত্রাসের মূলোৎপাটন করা। এর আগে বিশ্ববিদ্যালয় প্রশাসন বিশ্ববিদ্যালয় বন্ধ রেখে সমস্যার সমাধান করতে চেয়েছে, কিন্তু তা আবার অন্যান্য সমস্যার জন্ম দেয়। আমরা বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম অব্যাহত রেখে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনতে চাই এবং এ ব্যাপারে সকলের কাছে সহযোগিতা চাই।

### ক্যাম্পাসে প্রতিক্রিয়া

ভিসি প্রফেসর আব্দুল মান্নানের পদত্যাগ এবং প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামান মিঞা নতুন ভিসি হিসেবে দায়িত্ব গ্রহণের পর গতকাল ক্যাম্পাসে ইতিবাচক প্রতিক্রিয়া লক্ষ্য করা গেছে।

কয়েকজন শিক্ষক, ছাত্র ও কর্মচারীর সাথে আলাপ করা হলে, তারা বিশ্ববিদ্যালয়ের এই প্রশাসনিক পরিবর্তনকে স্বাগত জানান এবং প্রফেসর মনিরুজ্জামান মিঞা নিরপেক্ষ ও বলিষ্ঠভাবে প্রশাসন পরিচালনা করবেন বলে আশা প্রকাশ করেন। জাতীয়তাবাদী ছাত্র দল, কেন্দ্রীয় ৯ ছাত্র সংগঠনসহ বিভিন্ন ছাত্র সংগঠন এই পরিবর্তনে সন্তোষ প্রকাশ করেছে। উল্লেখ্য, প্রফেসর মনিরুজ্জামান মিঞা বিশ্ববিদ্যালয়ের একজন জনপ্রিয় শিক্ষক।

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ডঃ ইয়াজুদ্দীন তাঁর প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে বলেন, প্রফেসর মনিরুজ্জামানের পূর্ব কর্মকাণ্ড থেকে আশা করা যায় যে, তিনি বিশ্ববিদ্যালয়কে সমস্যামুক্ত করতে পারবেন।

হোমিও ডিগ্রী কোর্স স্থানান্তর বাস্তবায়ন পরিষদ এক বিবৃতিতে নতুন ভিসি প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামানকে অভিনন্দিত করেছে।